



জনসংযোগ কার্যালয়
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ৭৭৯১০৪৫-৫১, ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২
ওয়েবসাইট: www.juniv.edu



প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

জ্ঞান ভিত্তিক সমাজে মানসম্মত শিক্ষা ছাড়া আমরা পিছিয়ে পড়বো
-এ্যাক্রেডিটেশন কাউন্সিলের চেয়ারম্যান অধ্যাপক ড. মেসবাহউদ্দিন আহমেদ

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ১৮ সেপ্টেম্বর ২০২৩।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের আইকিউএসি'র আয়োজনে আজ Teachers Induction Program on Tools for Quality Improvement শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা শুরু হয়েছে। বিশ্ববিদ্যালয়ের সিনেট হলে সকাল সাড়ে নয়টায় প্রধান অতিথি বাংলাদেশ এ্যাক্রেডিটেশন কাউন্সিলের চেয়ারম্যান অধ্যাপক ড. মেসবাহউদ্দিন আহমেদ প্রশিক্ষণ কর্মশালা উদ্বোধনকালে বলেন, বর্তমান জ্ঞান ভিত্তিক সমাজে মানসম্মত শিক্ষা ছাড়া আমরা পিছিয়ে পড়বো। এ জন্য শিক্ষার গুণগত মান নিশ্চিত করতে সকলকে একযোগে দায়িত্ব পালন করতে হবে। সরকারের নীতি প্রণয়ণ ও নির্দেশনা এবং বিশ্ববিদ্যালয়গুলোকে নীতি বাস্তবায়নে কার্যকর ভূমিকা রাখতে হবে। অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল আলম বলেন, শিক্ষার্থীরা শিক্ষককে অনুসরণ করেন। উপাচার্য আশা প্রকাশ করেন, পরিমিতবোধ এবং পরিশীলিত আচার-আচরণে একজন শিক্ষক আদর্শ হয়ে গড়ে উঠবেন। উপাচার্য শিক্ষা-গবেষণার পাশাপাশি নিয়মানুবর্তিতা, সময়নিষ্ঠা এবং আচার-আচরণে শিক্ষককে দায়িত্বশীল হওয়ার আহ্বান জানান। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক শেখ মোঃ মনজুরুল হক, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মোহাম্মদ মোস্তফা ফিরোজ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. রাশেদা আখতার। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন আইকিউএসি'র পরিচালক অধ্যাপক ড. সৈয়দ হাফিজুর রহমান। তিন দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালায় বিশ্ববিদ্যালয়ে নতুন নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণ অংশ গ্রহণ করছেন।

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচ.ডি
পরিচালক (ভারপ্রাপ্ত)

